দৈনিক ইত্তেফাক

তারিখ ...11.৭.৯৮...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 6 ...

# শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখুন

—প্রধানমন্ত্রী

বাবস : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখিতে এবং সেখানে সন্ত্রাসের জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করণে সহায়তা দানের জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানাইয়াছেন। গতকাল

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## প্রধানমন্ত্রী

(১ম পৃ: পর)

(মঙ্গলবার) রাত্রে দাউদকান্দির গৌরীপুরের মুন্সী ফজলুর রহমান কলেজ ছাত্র সংসদের নবনির্বাচিত কর্মকর্তারা প্রধানমন্ত্রীর আশীর্বাদ নেওয়ার জন্য সুগন্ধা অফিসে আসিলে তাহাদের উদ্দেশে বক্তৃতাকালে বেগম জিয়া বলেন, জাতীয়তাবাদী শক্তির ভবিষ্যৎ হইতেছে ছাত্র সমাজ। সম্প্রতি উক্ত কলেজের নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়লাভ করে। দাউদকান্দির হাসানপুর কলেজের ছাত্রনেতৃবৃন্দও প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের জন্য আসে।

স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলনে ছাত্র সমাজের গৌরবোজ্জ্বল ভূমিকার কথা উল্লেখ করিয়া বেগম জিয়া বলেন, জ্ঞান সাধনার পাশাপাশি ছাত্র সমাজকে এক্ষণে সাধারণ মানুষের সমস্যাও চিহ্নিত করিতে হইবে। প্রধানমন্ত্রী বলেন, গণতান্ত্রিক সরকারের লক্ষ্য ও উদ্দেশ্য হইতেছে উৎপাদন ও উন্নয়ন। জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী ডঃ মোশাররফ হোসেন, সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক ... তরিকুল ইসলাম এবং ... ডিপি আমানুল্লাহ আমান ... স্থিত ছিলেন।